



প্রিয়ালঙ্কা
প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে মঙ্গলবার সূবা সমনে সফররত প্রিয়ালঙ্কা গান্ধী সাক্ষাৎ করেন। এ সময় প্রধানমন্ত্রীর পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

ব্র্যাকের শিক্ষা কার্যক্রম দেখতে সাতারের গ্রামে প্রিয়ালঙ্কা

ফটোনৈতিক রিপোর্টার

ভারতের প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী ও কংগ্রেস দলের প্রধান সোনিয়া গান্ধীর কন্যা প্রিয়ালঙ্কা গান্ধীর আগমনে ঢাকার অদূরে চারবাগ, কুমকুমারী ও মতান গ্রামে মঙ্গলবার এক উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। বিপুলসংখ্যক উৎসুক জনতা ইন্দিয়া গান্ধীর মাতনি প্রিয়ালঙ্কাকে একমুহুরে দেখার জন্য ভিড় জমাতে নিরাপত্তার হুঁড়াকড়ির কারণে তাদের অনেকেরই আগ্রহ হত। সাতারের নিম্নত পল্লী প্রিয়ালঙ্কার আগমনে ভোগে উঠেছিল। কিন্তু স্পেশ্যাল সিকিউরিটি ফোর্স

(এসএসএফ), পুলিশ এমনকি ভারতীয় নিরাপত্তা বাহিনী প্রিয়ালঙ্কাকে এমনভাবেই বেটনী দিয়ে রাখে যে, সাধারণ মানুষ তার কাছেও যেখানে পারেননি। তাছাড়া গতকাল প্রিয়ালঙ্কা গান্ধী প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার বাসভবনে সাক্ষাৎ করেন। প্রিয়ালঙ্কা গান্ধী দু'দিনের সফরে মঙ্গলবার বিকালে ঢাকায় পৌঁছান। তাকে বহনকারী হেলিওপ্লেনের বিমানটি বিকাল ৪টার পরপরই জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। তার পর থেকেই বিশেষ প্রিয়ালঙ্কা: পৃষ্ঠা ১৩: কলাম ২

প্রিয়ালঙ্কা : সাতারের গ্রামে

(১ম পৃষ্ঠার পর) নিরাপত্তা বাহিনীর কর্মকর্তারা তিনজনের নিরাপত্তা বেটনীতে তাকে ঘিরে ফেলেন। বাংলাদেশ সফরের পুরোটা সময় মুডেই এ নিরাপত্তা বাহিনী বহাল থাকবে। বেসরকারি সংস্থা ব্র্যাকের শিক্ষা কার্যক্রম নিজেদের সাথে দেখার জন্য প্রিয়ালঙ্কার এ আগমন। তার মফস্বর্তী হিসেবে রয়েছেন রাজীব গান্ধী ফাউন্ডেশনের সেক্রেটারি জরেনড্র বাগদায়া এবং প্রশিক্ষক সোনিয়া ফিলিপ। রাজিব গান্ধীর নিজ এলাকা আখৈখিতে ব্র্যাকের আদলে প্রভু প্রহরের লক্ষ্যে অভিজ্ঞতা সঞ্চয় করার জন্য প্রিয়ালঙ্কা নিজ উদ্যোগেই বাংলাদেশ সফর করছেন।

ঢাকায় নেমেই তিনি সাতারের চারবাগ ও কুমকুমারী গ্রামে গিয়ে ব্র্যাক পরিচালিত প্রি-প্রাইমারি ও প্রাইমারি স্কুল পরিদর্শন করেন। সেখানে তিনি ব্র্যাকের শিক্ষা কার্যক্রমের ধরন সম্পর্কে অবহিত হন। উপস্থিত শিশুদের সঙ্গে কথা বলেন। এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্র্যাকের নির্বাহী পরিচালক ড. মাহবুব হোসেন ও পরিচালক নাজমুল হোসাইন। ব্র্যাকের শিক্ষা কার্যক্রম দেখে প্রিয়ালঙ্কা অভিভূত হয়েছেন। তারপর প্রিয়ালঙ্কা গান্ধী হান খালানা গ্রামে। সেখানে ব্র্যাকের ট্রেনিং ইন্সটিটিউট দেখেন। হাতে তার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎের কথা রয়েছে। প্রিয়ালঙ্কা গান্ধী আজ সকালে ব্র্যাকের প্রধান ফতলে হোসেন আবেদনের সঙ্গে বৈঠক করবেন বলে জানা গেছে। সেখানে সামগ্রিকভাবে ব্র্যাকের কার্যক্রম সম্পর্কে অবহিত হবেন।

এর আগে ৯২ বছরের ১ জাগুই বাংলাদেশে এসেছিলেন প্রিয়ালঙ্কার বড় জ্যেষ্ঠ রাজীব গান্ধী। এই সময় তিনি গ্রামীণ ব্যাংক ও ব্র্যাকের বিভিন্ন প্রকল্প পরিদর্শন করেন। রাজীব গান্ধী ঢাকার বিভিন্ন পর্য্যয়ে বৈঠকে রয়েছেন, তিনি শিক্ষা কার্যক্রমের ব্যাপারে বিশেষভাবে আগ্রহী। তিনি শুধর এটাও বলেছিলেন, ভারতে শিক্ষা বাহিনী কর্মসূচী, অর্থাৎ শিক্ষা কাঠামো এবং পাঠক্রম এমনভাবেই তৈরি করা হয়েছে যে, শিক্ষা শেষে যে কোন ছাত্রছাত্রী চাকরি পাওয়ার নিশ্চয়তা পান। এক্ষেত্রে তারা বিভিন্ন শিল্প-সারবানার উদ্যোক্তাদের সঙ্গে আলোচনা করে পরামর্শ প্রদান করে থাকেন।

বাসস জানায়, ভারতের প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী এবং কুমতাসীন কংগ্রেসের সভানেত্রী সোনিয়া গান্ধীর কন্যা প্রিয়ালঙ্কা গান্ধী গতকাল রাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার ধানখণ্ডির বাসভবন সুধাসন্দনে সাক্ষাৎ করেছেন। তার অন্তরিক ও ঘরোয়া পরিবেশে কৃপাল বিনিময় করেন বলে প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব নকীব উদ্দীন আহমেদ উপস্থিত সাংবাদিকদের জানান।

সাক্ষাৎকালে প্রধানমন্ত্রীর ছোট বোন শেখ রেহানা এবং বরটি প্রতিমন্ত্রী তানভিম আহমেদ সোহেল তাল উপস্থিত ছিলেন। এর আগে শেখ হাসিনার কন্যা মায়মা ওয়াহেদ পুতুল ও তার স্বামী যশ্বাকার মাসরুর হোসেন সুধাসন্দনে প্রিয়ালঙ্কা গান্ধীকে অভ্যর্থনা জানান। তাদের দুই কন্যা আনরিন ও আলিজা এবং পুত্র তারিফ প্রিয়ালঙ্কার হাতে ফুলের তোড়া তুলে দেন।